ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৮০১</u>

কাঞ্চনপুর, ১০ সেপ্টেম্বর, ২০২৫

**বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছচাষ বিষয়ে**
**কাঞ্চনপুরে প্রশিক্ষণ শিবির**

কাঞ্চনপুর টাউনহলে আজ থেকে মৎস্য দপ্তর এবং ফিসারি প্রজেক্ট ইমপ্লিমেনটেশন ইউনিটের যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছচাষ বিষয়ে প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। চলবে ১২ সেপ্টেম্বর পর্যন্ত। শিবিরের উদ্বোধন করেন এমডিসি শৈলেন্দ্র নাথ। উপস্থিত ছিলেন উত্তর জোনাল উন্নয়নকমিটির চেয়ারম্যান দীপালি রিয়াং, লালজুরি ব্লকের বিএসি চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরী, লালজুরি সাবজোন্যাল চেয়ারম্যান পার্থজয় রিয়াং, বিশিষ্ট সমাজসেবী রবীন্দ্র কর, অরুণ নাথ প্রমুখ। আজ প্রশিক্ষণ শিবিরে স্ব-সহায়ক দলের ১০০ জন মহিলা প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণ শিবিরে বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছচাষের বিষয়ে হাতে কলমে তাদের প্রশিক্ষণ দেন কাঞ্চনপুর মহকুমার মৎস্য তত্ত্বাবধায়ক অনিমেষ চাকমা, মৎস্য আধিকারিক লাল বাহাদুর চাকমা, বিপ্লব দাস প্রমুখ।

*****